# যুগান্তর

তারিখ ... 20 APR 2017 ...
2 ... কলাম ... 2 ...

জঙ্গিবাদ মোকাবেলা

## শিক্ষার্থীদের নজরে রাখতে ৯ হাজার মাদ্রাসায় চিঠি

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষার্থীরা যাতে জঙ্গিবাদে জড়াতে না পারে সেদিকে নজর রাখতে সাড়ে ৯ হাজার মাদ্রাসায় চিঠি পাঠিয়েছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। মঙ্গলবার পাঠানো ওই চিঠিতে বলা হয়, মাদ্রাসার পাশাপাশি এর আবাসিক ছাত্রাবাসেও জঙ্গি তৎপরতা চলছে কিনা সে বিষয়ে নিরীক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে।

নির্দেশনা পাঠানোর বিষয়টি নিশ্চিত করেছেন মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক একেএম ছায়েফউল্লা। তিনি যুগান্তরকে বলেন, জঙ্গিবাদ প্রতিরোধের অংশ হিসেবে সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থী-অভিভাবক-শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে মতবিনিময় সভা হয়েছিল। জেলা প্রশাসক সম্মেলনে এ ধরনের সভা অব্যাহত রাখার ব্যাপারে পরামর্শ দেয়া হয়। পাশাপাশি এ ব্যাপারে কার্যক্রম পরিচালনার পরামর্শও ছিল। তারই অংশ হিসেবে ঐ চিঠি পাঠানো হয়েছে। বোর্ডের রেজিস্ট্রার অধ্যাপক মো. মজিবুর রহমান স্বাক্ষরিত চিঠির নির্দেশনার মধ্যে আরও আছে, শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবকদের সন্ত্রাস-জঙ্গিবাদবিরোধী আলোচনা অব্যাহত রাখা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর